# ২০২৬ সালের এসএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি

## বিষয়: হিসাববিজ্ঞান
## বিষয় কোড : ১৪৬

Protiti News.com

# ২০২৬ সালের এসএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি

বিষয়: হিসাববিজ্ঞান বিষয় কোড: ১৪৬ পূর্ণ নম্বর: ১০০ তত্ত্বীয় নম্বর: ১০০ ব্যাবহারিক : ০০

| অধ্যায় ও শিরোনাম | পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| দ্বিতীয় অধ্যায়: লেনদেন | • লেনদেনের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>• লেনদেনের প্রকৃতি শনাক্ত করতে পারবে।<br>• হিসাব সমীকরণ বিশ্লেষণ করতে পারবে।<br>• হিসাব সমীকরণে ব্যাবসায়িক লেনদেনের প্রভাব ব্যাখ্যা করতে পারবে।<br>• ব্যবসায় প্রতিষ্ঠানের লেনদেনের উৎস দলিলাদির তালিকা তৈরি করে বর্ণনা করতে পারবে।<br>• লেনদেনের সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি যথাযথভাবে প্রস্তুত করতে পারবে। | • লেনদেনের ধারণা | ০১ | ১ম | |
| | | • লেনদেনের প্রকৃতি বা বৈশিষ্ট্য | ০১ | ২য় | |
| | | • লেনদেন চিহ্নিতকরণ | ০১ | ৩য় | |
| | | • হিসাব সমীকরণ | ০৪ | ৪র্থ – ৭ম | |
| | | • ব্যাবসায়িক লেনদেনের উৎস এবং এতদ্সংক্রান্ত দলিলপত্রাদি | ০২ | ৮ম -৯ম | |
| তৃতীয় অধ্যায় : দুতরফা দাখিলা পদ্ধতি | • লেনদেনের দ্বৈত স্বত্বা নীতি ব্যাখ্যা করতে পারবে।<br>• দুতরফা দাখিলা পদ্ধতির ধারণা ও বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে।<br>• দুতরফা দাখিলা পদ্ধতির সুবিধাসমূহ ব্যাখ্যা করতে পারবে।<br>• লেনদেনে জড়িত দুটি পক্ষ অর্থাৎ ডেবিট ও ক্রেডিট পক্ষ শনাক্ত/চিহ্নিত করতে পারবে।<br>• হিসাবচক্রের বিভিন্ন ধাপ ব্যাখ্যা করতে পারবে।<br>• লেনদেনের জন্য উপযুক্ত হিসাবের বই চিহ্নিত করতে পারবে।<br>• একতরফা দাখিলার ধারণা নিয়ে ব্যবসায়ের মুনাফা নির্ণয় করতে পারবে। | • দুতরফা দাখিলা পদ্ধতির ধারণা | ০১ | ১০ম | |
| | | • দুতরফা দাখিলা হিসাব পদ্ধতির মূলনীতি বা বৈশিষ্ট্য | ০১ | ১১শ | |
| | | • দুতরফা দাখিলা পদ্ধতির সুবিধাসমূহ | ০২ | ১২শ -১৩শ | |
| | | • ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের নিয়মাবলি | ০২ | ১৪শ - ১৫শ | |
| | | • দুতরফা দাখিলা পদ্ধতিতে রক্ষিত হিসাবের বই | ০১ | ১৬শ | |
| | | • হিসাব চক্র<br>• হিসাবের ধারাবাহিকতা রক্ষা পদ্ধতি | ০১ | ১৭শ | |
| | | • একতরফা দাখিলা পদ্ধতি | ০২ | ১৮শ - ১৯শ | |
| চতুর্থ অধ্যায় : মূলধন ও মুনাফা জাতীয় লেনদেন | • মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের ধারণা বর্ণনা করতে পারবে।<br>• মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের পার্থক্য নিরূপণ করতে পারবে। | • মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের ধারণা | ০১ | ২০শ | |
| | | • মূলধন জাতীয় প্রাপ্তি ও আয় | ০১ | ২১শ | |
| | | • মূলধন জাতীয় ব্যয় | ০১ | ২২শ | |
| | | • মুনাফা জাতীয় প্রাপ্তি ও আয় | ০১ | ২৩শ | |
| | | • মুনাফা জাতীয় প্রদান/ব্যয় | ০১ | ২৪শ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | • মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের পার্থক্যকরণের প্রয়োজনীয়তা বিশ্লেষণ করতে পারবে।<br>• লাভ-ক্ষতি পরিমাপ এবং আর্থিক বিবরণী প্রস্তুতকালে মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনসমূহ যথাযথভাবে প্রয়োগ করতে পারবে। | • মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের পার্থক্যকরণের প্রয়োজনীয়তা | ০১ | ২৫শ | |
| | | • মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের প্রভাব<br>• বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় | ০১ | ২৬শ | |
| ষষ্ঠ অধ্যায়:<br>জাবেদা | • প্রারম্ভিক লিখন হিসেবে জাবেদার ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>• জাবেদার শ্রেণিবিভাগ করতে পারবে।<br>• লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা প্রদান করতে পারবে।<br>• চালানের ভিত্তিতে ক্রয় ও বিক্রয় জাবেদা, ডেবিট নোটের ভিত্তিতে ক্রয় ফেরত জাবেদা এবং ক্রেডিট নোটের ভিত্তিতে বিক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করতে পারবে। | • জাবেদার ধারণা | ০১ | ২৭শ | |
| | | • জাবেদার গুরুত্ব | ০১ | ২৮শ | |
| | | • জাবেদার শ্রেণিবিভাগ | ০৪ | ২৯শ -৩২শ | |
| | | • সাধারণ জাবেদা দাখিলা প্রদানে বিবেচ্য বিষয় | ০৫ | ৩৩শ -৩৭শ | |
| | | • বাট্টা ও বাট্টার প্রকারভেদ | ০১ | ৩৮শ | |
| সপ্তম অধ্যায়:<br>খতিয়ান | • পাকা বই হিসেবে খতিয়ানের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>• খতিয়ানের শ্রেণিবিভাগ করতে পারবে।<br>• জাবেদা ও খতিয়ানের পার্থক্য নিরূপণ করতে পারবে।<br>• ‘T’ ও ‘চলমান জের’ ছকে হিসাব প্রস্তুত করে হিসাবের জের নির্ণয় করতে পারবে।<br>• বিভিন্ন ধরনের খতিয়ানের ডেবিট ও ক্রেডিট জেরের তাৎপর্য বিশ্লেষণ করতে পারবে। | • খতিয়ানের ধারণা ও বৈশিষ্ট্য | ০১ | ৩৯শ | |
| | | • খতিয়ানের গুরুত্ব<br>• জাবেদা ও খতিয়ানের পার্থক্য | ০১ | ৪০শ | |
| | | • খতিয়ানভুক্তকরণ বা পোস্টিং<br>• হিসাবের জের টানা বা ব্যালেন্সিং | ০১ | ৪১শ | |
| | | • সাধারণ জাবেদা হতে খতিয়ান প্রস্তুতকরণ | ০৪ | ৪২শ – ৪৫শ | |
| | | • সাধারণ খতিয়ান<br>• সহকারী খতিয়ান | ০১ | ৪৬শ | |
| | | • বিশেষ জাবেদা ও সংশ্লিষ্ট খতিয়ান প্রস্তুত | ০৪ | ৪৭শ – ৫০তম | |
| | | • খতিয়ান উদ্বৃত্ত দ্বারা গাণিতিক শুদ্ধতা যাচাই | ০১ | ৫১তম | |
| নবম অধ্যায় :<br>রেওয়ামিল | • রেওয়ামিলের ধারণা ও উদ্দেশ্য বর্ণনা করতে পারবে।<br>• হিসাব লিখনে ভুল কত প্রকার তা ব্যাখ্যা করতে পারবে।<br>• হিসাবের উদ্বৃত্ত দিয়ে যথাযথ ছকে রেওয়ামিল প্রস্তুত করে হিসাবের গাণিতিক নির্ভুলতা পরীক্ষা করতে পারবে।<br>• হিসাব লিখনের ভুলগুলোর মধ্যে কোন ভুলগুলো রেওয়ামিলের গরমিল ঘটাবে এবং কোন ভুলগুলো গরমিল ঘটাবে না তা শণাক্ত করতে পারবে। | • রেওয়ামিলের ধারণা<br>• উদ্দেশ্য | ০১ | ৫২তম | |
| | | • রেওয়ামিল প্রস্তুত প্রণালি<br>• রেওয়ামিল প্রস্তুতকরণে বিবেচ্য বিষয়সমূহ | ০১ | ৫৩তম | |
| | | • রেওয়ামিলে যেসমস্ত ভুল ধরা পড়ে | ০১ | ৫৪তম | |
| | | • রেওয়ামিলে যেসমস্ত ভুল ধরা পড়ে না | ০১ | ৫৫তম | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ● অনিশ্চিত হিসাবের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে।<br>● অনিশ্চিত হিসাব খুলে সাময়িকভাবে রেওয়ামিলের উভয় দিক মেলাতে পারবে। | ● অশুদ্ধ রেওয়ামিল শুদ্ধ করার উপায়<br>● অনিশ্চিত হিসাব | ০১ | ৫৬তম | |
| দশম অধ্যায়:<br>আর্থিক বিবরণী<br>(আংশিক) | ● মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের পার্থক্য এবং আর্থিক বিবরণী প্রস্তুতকরণে এই পার্থক্যের প্রয়োগ করতে পারবে।<br>● বিশদ আয় বিবরণী প্রস্তুত করতে পারবে এবং তা থেকে লাভ-ক্ষতি ব্যাখ্যা করতে পারবে।<br>● আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করতে পারবে এবং এ থেকে স্থায়ী ও চলতি সম্পদ এবং দীর্ঘমেয়াদি ও চলতি দায়ের মধ্যে পার্থক্য করতে পারবে।<br>● নগদ ও পণ্য উত্তোলন, নতুন মূলধন, নিট লাভ/ক্ষতি কীভাবে মূলধন হিসাবে পরিবর্তন আনে তা ব্যাখ্যা করতে পারবে।<br>● কুঋণ এবং সন্দেহজনক কুঋণ সঞ্চিতির প্রয়োজনীয়তা উপলব্ধি করে হিসাবভুক্ত করতে পারবে।<br>● সম্পদসমূহের অবচয়ের অর্থ, উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা বুঝে এর হিসাব রাখতে পারবে এবং আর্থিক বিবরণীতে এর প্রয়োগ দেখাতে পারবে। | ● আর্থিক বিবরণী | ০১ | ৫৭তম | |
| | | ● বিশদ আয় বিবরণী<br>● বিশদ আয় বিবরণীর উদ্দেশ্য | ০১ | ৫৮তম | |
| | | ● বিশদ আয় বিবরণী প্রস্তুত (পণ্য ক্রয়-বিক্রয়কারী ব্যবসায়) | ০৫ | ৫৯তম – ৬৩তম | |
| | | ● আর্থিক অবস্থার বিবরণী | ০১ | ৬৪তম | |
| | | ● আর্থিক অবস্থার বিবরণীর প্রস্তুত প্রণালি | ০৪ | ৬৫তম – ৬৮তম | |
| | | ● সম্পদ ও দায়ের শ্রেণিবিভাগের প্রয়োজনীয়তা | ০১ | ৬৯তম | |
| | | ● আর্থিক বিবরণী প্রস্তুতকরণে হিসাববিজ্ঞানের নীতিমালার প্রয়োগ | ০১ | ৭০তম | |
| | | ● আর্থিক বিবরণী প্রস্তুতকরণে বিবেচ্য সমন্বয়সমূহ | ০২ | ৭১তম – ৭২তম | |
| | | মোট | ৭২ | | |